



বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড  
Bangladesh Power Development Board

www.bpdb.gov.bd  
কর্মচারী পরিদপ্তর, ওয়াপদা ভবন (৫ম তলা)  
মতিঝিল, বা/এ, ঢাকা-১০০০  
ফোন নং: ০২-২২৩৩৫৪৬১৮

নম্বর- ২৭.১১.০০০০.২১০.১১.৮৯২.১৯-৩৪২

তারিখ: ২২ আশ্বিন ১৪৩১  
০৭ অক্টোবর ২০২৪

**ইমেইলের মাধ্যমে প্রেরিত/ অতি জরুরী**

বর্তমান ঠিকানাঃ

Shaikat Chowdhury  
(Assistant Engineer)  
(ID: 1-02394 of BPDB )  
College of Graduate and Postdoctoral Studies  
116,110 Science Place, Saskatoon SK S7N 5C9 Canada  
Student No: 11354594 ; E-mail: shaikatctg95@gmail.com

স্থায়ী ঠিকানাঃ

জনাব সৈকত চৌধুরী  
(সহকারী প্রকৌশলী)  
পিতা-সজল কান্তি দাশ চৌধুরী  
গ্রাম: হাবিলাসদ্বীপ, ডাকঘর: শাকপুরা  
থানা: পটিয়া, জেলা-চট্টগ্রাম।

বিষয়ঃ জনাব সৈকত চৌধুরী (পরিচিতি নং-১-০২৩৯৪), সহকারী প্রকৌশলী, বিক্রয় ও বিতরণ বিভাগ, কালুরঘাট, বিউবো, চট্টগ্রাম (বর্তমানে শিক্ষাছুটিতে কানাডায় অবস্থানরত) এর স্ত্রীর চিকিৎসার কারণে মেডিকেল ছুটির আবেদন না-মঞ্জুর প্রসঙ্গে।

সূত্র: (১) বিদ্যুৎ বিভাগের স্মারক নং-২৭.০০.০০০০.০৪২.০৮.০০৪.২২-৫৩৫ তারিখ: ১৫-০৯-২০২২।

(২) অত্র দপ্তরের নম্বর- ২৭.১১.০০০০.২১০.১১.৮৯২.১৯-৩১৯, তারিখ: ১২-০৯-২০২৪

(৩) আপনার কর্তৃক ১৫/০৯/২০২৪ তারিখে প্রেরিত ডেপুটেশন/ লিয়েন মঞ্জুরের আবেদন।


(৪) অত্র দপ্তরের নম্বর- ২৭.১১.০০০০.২১০.১১.৮৯২.১৯-৩৩৮, তারিখ: ৩০-০৯-২০২৪

(৫) আপনার কর্তৃক ১৭.০৯.২০২৪ তারিখে প্রেরিত এবং বিউবোর্ডে ২৪.০৯.২৪ তারিখে গৃহীত মেডিকেল ছুটির আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আপনাকে University of Saskatchewan, Canada তে Electrical Engineering in Master of Science ডিগ্রীতে অধ্যয়নের নিমিত্ত কতিপয় শর্তসাপেক্ষে সূত্রোক্ত ১নং স্মারক দ্বারা ২ (দুই) বৎসর (Study leave) শিক্ষাছুটি মঞ্জুর করা হয়। উক্ত আদেশের শর্তাবলীতে উল্লেখ ছিলো “ক) মঞ্জুরকৃত ছুটির অতিরিক্তকাল বিদেশে অবস্থান করা যাবে না” ও “গ) মঞ্জুরকৃত ছুটি শেষে তিনি মূল কর্মস্থলে নির্ধারিত সময়ের মধ্যে যোগদান করবেন”। আপনার অনুকূলে মঞ্জুরকৃত শিক্ষাছুটির মেয়াদ ২০-০৯-২০২৪ তারিখে শেষ হওয়ার পূর্বে বোর্ডের কাছে যোগদানের জন্য উপর্যুক্ত সূত্রোক্ত ২নং স্মারক দ্বারা আপনার বর্তমান ও স্থায়ী ঠিকানায় পত্র মারফত অনুরোধ করা হয়। কিন্তু আপনি অদ্যাবধি বিউবোর্ডের কাছে যোগদান না করে বর্তমানে শিক্ষাছুটিতে কানাডায় অবস্থানরত থেকে বিউবোর্ডের চেয়ারম্যান মহোদয় বরাবর ডেপুটেশন/লিয়েন মঞ্জুরের জন্য আবেদন করেন।

০২। উল্লেখ্য, সরকারী কর্মচারী লিয়েন বিধিমালা, ২০২১ এর লিয়েন মঞ্জুরের শর্ত-বিধি ১১ (ঠ) তে উল্লেখ আছে যে, “বৈদেশিক প্রশিক্ষণ বা উচ্চশিক্ষার জন্য প্রেষণ বা শিক্ষাছুটি বা বহিঃবাংলাদেশ ছুটির ধারাবাহিকতায় লিয়েন মঞ্জুর ও লিয়েন সংরক্ষণ করা যাইবে না”। তাছাড়া জনপ্রশাসন মন্ত্রণালয় প্রশিক্ষণ ও উচ্চশিক্ষা নীতিমালা ২০২৩ এবং সরকারি কর্মচারী প্রেষণ বিধিমালা, ২০২০ মোতাবেক আপনার অনুকূলে মঞ্জুরকৃত শিক্ষাছুটির ধারাবাহিকতায় বৈদেশিক চাকুরীতে ডেপুটেশন বা প্রেষণ মঞ্জুরের সুযোগ না থাকায় সূত্রোক্ত ৩নং স্মারক দ্বারা আপনার কর্তৃক প্রেরিত লিয়েন/ডেপুটেশন মঞ্জুরের আবেদন যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক না-মঞ্জুর হয়েছে। তদপ্রেক্ষিতে, সূত্রোক্ত ৪নং স্মারক দ্বারা পত্র জারীর তারিখ হতে আগামী ৭ (সাত) দিনের মধ্যে বোর্ডের কাছে যোগদানের জন্য আপনাকে নির্দেশক্রমে অনুরোধ করা হয়েছে। উক্ত পত্রে ইহা উল্লেখ রয়েছে, অন্যথায় আপনার বিরুদ্ধে বিধি অনুযায়ী বিভাগীয় শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৩। তথাপিও সূত্রোক্ত ৫ নং স্মারকের পত্র মারফত স্ত্রীর চিকিৎসার কারণে মেডিকেল ছুটির আবেদন করেছেন যা বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (কর্মচারী) চাকুরী বিধিমালা-১৯৮২ এর ছুটি সংক্রান্ত সংশ্লিষ্ট বিধিসমূহ পর্যালোচনায় যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক না-মঞ্জুর হয়েছে। এতোদূরপ্রেক্ষিতে, সূত্রোক্ত ৩নং স্মারক দ্বারা আপনার কর্তৃক প্রেরিত লিয়েন/ডেপুটেশন মঞ্জুরের আবেদন ইতিপূর্বে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক না-মঞ্জুর হওয়ায় সূত্রোক্ত ৪নং স্মারক দ্বারা পত্র জারীর তারিখ হতে আগামী ৭ (সাত) দিনের মধ্যে বোর্ডের কাছে যোগদানের নির্দেশনাসহ অন্যান্য শর্তাবলী অপরিবর্তিত থাকবে।

  
০৭/১০/২৪  
(মোঃ বনি আমিন)

পরিচিতি নং-২-০২২৯

উপ-পরিচালক-১

কর্মচারী পরিদপ্তর, বিউবো, ঢাকা

ফোনঃ ০২-২২৩৩৮১০০৯

email: bonyamin34@yahoo.com




চলমান পাতা-২

নম্বর-২৭.১১.০০০০.২১০.১১.৮৯২.১৯-৩৪২

তারিখ: ২২ আশ্বিন ১৪৩১  
০৭ অক্টোবর ২০২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। প্রধান প্রকৌশলী, বিতরণ দক্ষিণাঞ্চল, বিউবো, চট্টগ্রাম।
- ২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পরিচালন ও সংরক্ষণ সার্কেল, চট্টমেট্রো(পূর্ব), বিউবো, চট্টগ্রাম।
- ৩। সিএস ও টু চেয়ারম্যান, বিউবো, ঢাকা।
- ৪। পরিচালক, তদন্ত ও শৃংখলা/হিসাব/প্রশিক্ষণ ও পেশা উন্নয়ন পরিদপ্তর, বিউবো, ঢাকা।
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ঢাকা কম্পিউটার কেন্দ্র, বিউবো, ঢাকা। [বিউবো'র ওয়েবসাইটে নোটিশে প্রকাশের অনুরোধসহ]
- ৬। নির্বাহী প্রকৌশলী, বিক্রয় ও বিতরণ বিভাগ, কালুরঘাট, বিউবো, চট্টগ্রাম।
- ৭। উপ পরিচালক (হিসাব), আহিদ (পিএলডি), বিউবো, চট্টগ্রাম, বিউবো, ঢাকা।
- ৮। সহকারী পরিচালক-৯, কর্মচারী পরিদপ্তর, বিউবো, ঢাকা।



(মোঃ নাসির উদ্দিন সুমন)

পরিচিতি নং-২-০৩০১

সিনিয়র সহকারী পরিচালক-১

কর্মচারী পরিদপ্তর, বিউবো, ঢাকা